# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।


সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (৩য় খন্ড)/২০১১/১৪

তারিখঃ ১৪ শ্রাবণ ১৪২৫ বঙ্গাব্দ
২৯ জুলাই ২০১৮ খ্রিষ্টাব্দ

**২৯-০৭-২০১৮ তারিখের দৈনিক সমকাল পত্রিকায় "সিলভা ফার্মার আইপিও নিয়ে আইডিএলসির আপত্তি" প্রসংঙ্গে।**

সিলভা ফার্মাসিটিক্যালস্ লিমিটেড এর আইপিও সাবস্ক্রিপশন বাতিলের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপের বিষয়ে আইডিএলসি ফাইন্যান্স লিমিটেড গত ২৩-০৭-২০১৮ তারিখে একটি চিঠি বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনে (বিএসইসি) জমা দেয়। পরদিন ২৪-০৭-২০১৮ তারিখ চিঠিটি ক্যাপিট্যাল ইস্যু বিভাগে প্রেরণ করা হলে সাথে সাথে উক্ত প্রতিষ্ঠানের এমডি-র সাথে যোগাযোগ করা হয়। ফলে ঐ দিনই আইডিএলসি-র ডিএমডি, জনাব এম জামাল উদ্দিন (যিনি পত্র স্বাক্ষরকারী) কমিশনে উপস্থিত হন এবং বিস্তারিত আলোচনা করেন। তাদের পত্রের বিষয়ে পত্র স্বাক্ষরকারী ডিএমডি, জনাব এম জামাল উদ্দিন স্বীকার করেন যে, সিলভা ফার্মাসিটিক্যালস্ লিমিটেড এর কোন পরিচালক ঋণ খেলাপী নয় বিধায় আইপিও এর অনুমোদন বিধিসম্মতভাবে হয়েছে। এ সময়ে তিনি জানান যে, সিলভা ফার্মাসিটিক্যালস্ লিমিটেড এর কয়েকজন শেয়ারহোল্ডার তাদের অন্য একটি ব্যবসা প্রতিষ্ঠান আল-আমিন বিস্কুট লিমিটেড এর নামে আইডিএলসি থেকে ঋণ গ্রহণ করেছে। আইডিএলসি-র উক্ত ঋণ আদায়ের বিষয়ে জনাব জামাল উদ্দিন বিএসইসির সহযোগিতার জন্য অনুরোধ জানান এবং জমাকৃত চিঠি প্রত্যাহার করে অন্য একটি অনুরোধপত্র কমিশনে জমা দিবেন বলে জানান।

উল্লেখ্য যে, সিলভা ফার্মার আইপিও বিএসইসি-র সংশ্লিষ্ট বিধিমালা ও অন্যান্য সিকিউরিটিজ আইন পরিপালনপূর্বক যথাযথভাবে অনুমোদন করা হয়। অতএব, সিলভা ফার্মার আইপিও নিয়ে আইডিএলসির আপত্তি প্রসংঙ্গে দৈনিক সমকাল পত্রিকায় প্রকাশিত প্রতিবেদন যথাযথ নয়।

Rahman
29/07/2018

মো: সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।


ফোন (পিএবিএক্স) : +৮৮-০২-৫৫০০৭১৩১-২ ফ্যাক্স : +৮৮-০২-৫৫০০৭১০৬ ই-মেইল : secbd@bdmail.net ওয়েব : www.sec.gov.bd